

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
হার পাওয়ার প্রকল্প (Her Power Project) : প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স (এনএসটিএসসি) (১১ তলা), ই-১৩/ডি, ই, আগারগাঁও, ঢাকা-১২০৭


স্মারক নম্বরঃ ৫৬.০৪.০০০০.০০০.০৬.০০১.২২-

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
২৯ ফেব্রুয়ারী, ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "হার পাওয়ার প্রকল্প (Her Power Project): প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় দ্বিতীয় পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "হার পাওয়ার প্রকল্প (Her Power Project): প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন" প্রকল্পের আওতায় দ্বিতীয় পর্যায়ে ১৩০ টি উপজেলায় ৪০৪ টি ব্যাচে ৮৩৮০ জনের প্রশিক্ষণ কার্যক্রম আরম্ভ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রকল্পের আওতায় প্রতিটি উপজেলায় 'প্রশিক্ষণার্থী বাছাই ও প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং কমিটি' নামে একটি কমিটি রয়েছে। কমিটির প্রধান হিসেবে সকল উপজেলা নির্বাহী অফিসারগণ দায়িত্বপ্রাপ্ত আছেন এবং দক্ষতা ও আন্তরিকতার সাথে প্রশিক্ষণ কার্যক্রম পর্যবেক্ষণের কাজে নিয়োজিত রয়েছেন।

এমতাবস্থায়, উল্লিখিত কমিটির অন্যান্য সদস্যদের সাথে সমন্বয় করে আগামী ৫ মার্চ ২০২৪ তারিখের মধ্যে প্রশিক্ষণার্থীদের আবেদন গ্রহণ সম্পন্নকরণ, ৭ মার্চ ২০২৪ তারিখের মধ্যে যাচাই-বাছাই এবং ১০ মার্চ ২০২৪ তারিখের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধনের ব্যবস্থা গ্রহণের পাশাপাশি সার্বিক পর্যবেক্ষণ ও ব্যাপক প্রচার-প্রচারণার উদ্যোগ গ্রহণসহ সামগ্রিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হল।

  
২৯/০২/২০২৪

(মনোয়ারা হশরাত)

প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)

হার পাওয়ার প্রকল্প (Her Power Project):  
প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন

উপজেলা নির্বাহী অফিসার

.....

ও সভাপতি

প্রশিক্ষণার্থী বাছাই ও প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং কমিটি'

হার পাওয়ার প্রকল্প (Her Power Project):

প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন (১ম সংশোধিত)

বিতরণঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, .....
২. মাননীয় সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. প্রোগ্রামার,.....
৫. সহকারী প্রোগ্রামার,.....
৬. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি,.....
৮. অফিস কপি